



আগামী ২ জুলাই শুরু হচ্ছে এইচএসসি ও সমমান পরীক্ষা



এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ জুলাই থেকে শুরু হবে। ছবি: সংগৃহীত

চলতি বছরের উচ্চমাধ্যমিক (এইচএসসি) ও সমমানের পরীক্ষা আগামী ২ জুলাই থেকে শুরু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ সময়সূচি ধরে পরীক্ষার রুটিন প্রস্তুত করা হচ্ছে এবং শিগগিরই তা প্রকাশ করা হবে।

শনিবার দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত এক বৈঠকে এ সিদ্ধান্ত চূড়ান্ত হয়। সভাটি ভার্চুয়ালি অনুষ্ঠিত হয় এবং এতে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী আন ম এছানুল হক মিলন। বৈঠক শেষে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন জানান, সর্বসম্মতিক্রমে ২ জুলাই থেকে পরীক্ষা শুরুর সিদ্ধান্ত হয়েছে।

সভায় সিদ্ধান্ত হয়, প্রায় পাঁচ সপ্তাহে পরীক্ষা কার্যক্রম শেষ করা হবে, যদিও আগে চার সপ্তাহে শেষ করার পরিকল্পনা ছিল। উল্লেখ্য, গত বছর জুন মাসে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। এদিকে পরীক্ষার্থীদের প্রস্তুতির সময় কমে যাওয়ার বিষয়ে গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন এবং শিক্ষার্থী-অভিভাবকদের উদ্বেগও বৈঠকে গুরুত্ব পায়। পরীক্ষা পেছানো হলে সম্ভাব্য জটিলতা নিয়েও আলোচনা হয়। সব দিক বিবেচনায় নিয়ে শিক্ষামন্ত্রী পরীক্ষা প্রায় এক মাস পিছিয়ে দেওয়ার নির্দেশ দেন এবং দ্রুত পূর্ণাঙ্গ রুটিন প্রকাশের কথা জানান।

এর আগে গত ২৯ মার্চ বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে বৈঠকে ৭ জুন থেকে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত হয়েছিল। সেই অনুযায়ী রুটিনও প্রস্তুত করা হয়েছিল। তবে বিভিন্ন মহলের আপত্তি ও পরিস্থিতি বিবেচনায় নতুন করে ২ জুলাই তারিখ নির্ধারণ করা হয়েছে।